

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০১৭.৩৪

তারিখ: ২৬ মাঘ ১৪২৯
০৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয় : চাহিত তথ্য প্রেরণ সংক্রান্ত।


সূত্র: স্মারক নং-সিআই/সিপিডিস ক্রামইম /কোর্ট/১৩-২০২১/১৪৩৭, তারিখ: ১০/১১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০১৭.২০৫, তারিখ-০৮.১২.২০২০ খ্রি. মূলে জনাব মোঃ কামরুল হাসান, উপসচিব, স্বাক্ষরিত রানীগঞ্জ উচ্চ বিদ্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ এর প্রধান শিক্ষকের এমপিও স্থগিত করণ সংক্রান্ত চিঠি ইস্যু করা হয়েছে। উক্ত চিঠিটি এ বিভাগের ওয়েব সাইট www.shed.gov.bd তে আপলোড করার জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট কে প্রদান করা হয়েছে এবং চিঠির হার্ড কপি প্রেরণের জন্য এ বিভাগের ডেসপাস শাখায় প্রেরণ করা হয়েছে।

০২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েব সাইট www.shed.gov.bd তে চিঠি আপলোড হওয়ার পূর্বে অর্থাৎ ০৮/১২/২০২০ খ্রি. এর পূর্বে চিঠিটি গোপনে সরবরাহ বা অন্য কোথাও আপলোড করা হয়নি। উক্ত সময়ে ওয়েব সাইট হ্যাক হওয়ার বিষয়ে কোন তথ্য এ শাখায় রক্ষিত নেই।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


০৯/০২/২০২৩
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল : ds.mpo@moedu.gov.bd

এডিশনাল ইন্সপেক্টর জেনারেল
এডিশনাল ইন্সপেক্টর জেনারেলের কার্যালয়
বাংলাদেশ পুলিশ, সিআইডি, ঢাকা।
(দৃ:আ: মুহাম্মদ রেজাউল মাসুদ, বিশেষ পুলিশ সুপার)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৩. অফিস কপি।

৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০১৭.২০৫

তারিখ: ০৮.১২.২০২০খ্রি:


বিষয়: সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন রাণীগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আব্দুস সামাদ এর এম.পি.ও. স্থগিতকরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪১.১৩৬.১৭.৩৪৯, তারিখ: ২৪.০৯.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন রাণীগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আব্দুস সামাদ এর বিরুদ্ধে আর্থিকসহ বিভিন্ন বিষয়ে আনীত অভিযোগ তদন্তে প্রমানিত হয়েছে।

২.০ এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন রাণীগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আব্দুস সামাদ এর এম.পি.ও. সাময়িকভাবে স্থগিতকরণ এবং
- (খ) প্রধান শিক্ষক জনাব আব্দুস সামাদ এর এম.পি.ও. কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে তাঁকে কারণ দর্শানো ; এবং উক্ত কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর প্রাপ্ত জবাবের উপর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সুস্পষ্ট মতামত প্রেরণ।


6-12-2020
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জনাব আব্দুস সামাদ, প্রধান শিক্ষক, রাণীগঞ্জ উচ্চ বিদ্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৪. সভাপতি, ম্যানেজিং কমিটি, রাণীগঞ্জ উচ্চ বিদ্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. অফিস কপি।